অধ্যক্ষের কার্যালয়

চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর

বিজ্ঞপ্তি নং- ১৬৬ তারিখ: ৩০/০৯/২০২৬ খ্রি.

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের ডিগ্রি (পাস) ২য় বর্ষ নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট, অকৃতকার্য, মানোন্নয়ন, Conditional Promoted প্রাপ্ত ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলি নিম্নে দেয়া হলো। ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে।

কোর্সের নাম		পরীক্ষার ফি	সেশন ফি	৩য় বর্ষ প্রাক-নির্বাচনী, নির্বাচনী ও ইনকোর্স ফি (৩৫০+৩৫০+৩০০)	মোট	ফরম পূরণ ও ফি প্রদানের তারিখ
বিএ/বিএসএস/ বিএসসি /বিবিএস (পাস)/ সার্টিফিকেট কোর্স- ২য় বর্ষ	০১। নিয়মিত (সকল বিষয়) বিএ/বিএসএস/বিবিএস (পাস)	১৭০০/-	১৫৭৫/-	১০০০/-	৪২৭৫/-	অনলাইনে ফরম পূরণের তারিখ: ০১/১০/২০২৬ তারিখ হতে ১৫/১০/২০২৬ তারিখ পর্যন্ত।
	০২। অনিয়মিত (সকল বিষয়) বিএ/বিএসএস/বিবিএস (পাস)	২৩০০/-	১৫৭৫/-	১০০০/-	৪৮৭৫/-	
	০৩। নিয়মিত সকল বিষয় বি.এসসি (পাস)	১৭০০/-	১৭০০/-	১০০০/-	৪৪০০/-	
	০৪। অনিয়মিত সকল বিষয় বি.এসসি (পাস)	২৩০০/-	১৭০০/-	১০০০/-	৫০০০/-	
	০৫। প্রাইভেট (নিয়মিত সকল বিষয়)	১৭০০/-	--	৩০০/-	২০০০/-	মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের তারিখ: ০৮/১০/২০২৬ তারিখ হতে ১৫/১০/২০২৬ তারিখ পর্যন্ত।
	০৬। প্রাইভেট (অনিয়মিত সকল বিষয়)	২৩০০/-	--	৩০০/-	২৬০০/-	
	০৭। সার্টিফিকেট কোর্স (নিয়মিত)	৯৫০/-	--	৩০০/-	১২৫০/-	
	০৭। সার্টিফিকেট কোর্স (অনিয়মিত)	১৫৫০/-	--	৩০০/-	১৮৫০/-	পরীক্ষার আবেদন ফরম ও ফি প্রদানের রশিদ কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ: ০৮/১০/২০২৬ তারিখ হতে ১৫/১০/২০২৬ তারিখ পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যতীত)
	০৯। মানোন্নয়ন/অকৃতকার্য ০১ পত্র	১২৫০/-	--	--	১২৫০/-	
	১০। মানোন্নয়ন/ অকৃতকার্য ০২ পত্র	১৪০০/-	--	--	১৪০০/-	
	১১। মানোন্নয়ন/ অকৃতকার্য ০৩ পত্র	১৫৫০/-	--	--	১৫৫০/-	
	১২। মানোন্নয়ন/অকৃতকার্য ০৪ পত্র	১৭০০/-	--	--	১৭০০/-	
	১৩। মানোন্নয়ন/অকৃতকার্য ০৫ পত্র	১৮৫০/-	--	--	১৮৫০/-	

বি.দ্র.: ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে Conditional Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ফরমপূরণের ফি এর সঙ্গে বিশেষ অন্তর্ভুক্তি ফি-১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অতিরিক্ত পেমেন্ট করতে হবে।

১। ফরমপূরণের নিয়মাবলী : ২০২৫ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে বিধায় পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ems.nu.ac.bd) এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আগামী ০১/১০/২০২৬ তারিখ হতে ১৫/১০/২০২৬ তারিখের মধ্যে আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডের গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

২। মানোন্নয়ন/অকৃতকার্য বিষয়ে ফরম পূরণের ক্ষেত্রে কলেজ এর ভর্তি বিষয়ক ওয়েবসাইট https://chandpurcollege.eshiksaems.com/ এ প্রবেশ করে ID: cgcstudent, Password: cgcstudent দিয়ে লগইন করে Improvement Form Fill-up--এ ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে View Charge and Course Detail --এ ক্লিক করে যে বিষয়ে পরীক্ষা দিতে ইচ্ছুক সেই বিষয় গুলো সিলেক্ট করে সাবমিট করলে বিকাশ/নগদ/উপায় অ্যাপস এর মাধ্যমে ফি জমা দিতে পারবে।

৩। ফি জমাদানের নিয়মাবলী : নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষার্থী এবং ২০২৪ সালের ডিগ্রি পাস -২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা Not Promoted হয়ে ২০২৫ সালের পরীক্ষায় আংশিক বিষয়ে অংশগ্রহণ করবে এবং যারা মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা সোনালি/বিকাশ/নগদ অ্যাপস্-এ প্রবেশ করে Education Fee (এডুকেশন ফি)/ পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর Student ID এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে Month- October-26 Select করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ০৮/১০/২০২৬ তারিখ হতে ১৫/১০/২০২৬ তারিখের মধ্যে Payment সম্পন্ন করতে হবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: (i) নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০২৪ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী ২০২৪ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য: (i) ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। (ii) ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০২১,২০২২, ২০২৩ ও ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ৩য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পরবে।

(iii) ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২০, ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে শর্তসাপেক্ষে উত্তীর্ণ (C-Promoted) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।

(iv) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে বাংলা জাতীয় ভাষা আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(v) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

(গ মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য: (i) ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী: ২০২১, ২০২২ ও ২০২৩ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০২৪ সালের ২য় বর্ষের পরীক্ষায় ১ম বারের মতো অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C, C+ ও D গ্রেড পেয়েছে তারা C, C+ ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ ২টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্রে C, C+ ও D গ্রেড উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোনো সুযোগ নেই।

(ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) : (i) ২০২৫ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। (ii) ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

(ঙ) বিশেষ পরীক্ষার্থী: এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ এবং ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত (প্রাইভেট) শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ায় তারা বিশেষ ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ১ম ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে শর্ত থাকে যে, ২০২৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় ফরমপূরণ না করলে, ফরমপূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে ভবিষ্যতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আর কোনো আবেদন করতে পারবে না। এ সকল পরীক্ষার্থীর বিশেষ ফি- ৬২৫০/- টাকা।

সিলেবাস : ২০২৫ সালের ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স-২য় বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

বিশেষ নির্দেশনা: সংশ্লিষ্ট সকলকে ফরম পূরণের সকল ক্ষেত্রে কলেজ বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া হলো।

(প্রফেসর এ.কে.এম আবদুল মান্নান)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর

অনুলিপি :

১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক
৩। কলেজ ওয়েব সাইট: www.chandpurcollege.edu.bd
৪। অফিস নথি।